

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 07 April, 2025

ফিলিস্তিনে নিরীহ মুসলিমদের ওপর দখলদার ইসরাইলের হামলা ও নির্বিচারে হত্যার প্রতিবাদে জামালপুরের বকশীগঞ্জ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকালে সর্বস্তরের জনগণ ও তৌহিদ জনতার উদ্যোগে বকশীগঞ্জ খয়ের উদ্দিন ফাজিল মাদরাসা থেকে একটি বিক্ষোভ মিছিলটি বের করা হয়।

মিছিলটি পৌর শহর প্রদক্ষিণ করে। এসময় বিক্ষোভকারীদের মিছিলে স্লোগানে স্লোগানে উত্তপ্ত হয়ে উঠে রাজপথ।

মিছিল শেষে বকশীগঞ্জ চৌরাস্তা মোড়ে পৌর জামায়াতের সেক্রেটারী রাশেদুল ইসলাম রাশেদীর সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন বকশীগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি মানিক সওদাগর, কেন্দ্রীয় ছাত্রদলের সহসভাপতি শাহজাহান শাওন, খয়ের উদ্দিন ফাজিল মাদরাসার অধ্যক্ষ রফিকুল ইসলাম, পৌর জামায়াতের আমীর মওলানা আবদুল মতিন, সেক্রেটারী রাশেদুল ইসলাম রাশেদী, জামায়াত নেতা রাসেল মাহমুদ, মওলানা রফিকুল ইসলাম, মওলানা বেলাল হোসেন, ছাত্রনেতা শাহরিয়ার আহমেদ সুমন, সাদ আহমেদ রাজু, উপজেলা জামায়াতের যুব বিভাগের সভাপতি কারিমুল ইসলাম, উপজেলা ইসলামী ছাত্র শিবিরের সভাপতি রবিউল ইসলাম রিশাদ প্রমুখ।

বিক্ষোভ মিছিলে ইসরাইলের বিরুদ্ধে বিভিন্ন ধরনের স্লোগান দেওয়া সহ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি জানান।

একই সঙ্গে ইসরাইলের বিতর্কিত প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে ফাঁসি দিতে বিশ্ব নেতাদের প্রতি আহবান জানানো হয়। এছাড়াও ইসরাইলের সকল পণ্য ব্যবহার বর্জনের ঘোষণা দেন বক্তারা।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ, ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/mymensingh/450775807>